রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৭ সনের ৪৬ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ১৬, ২০১৭

সূচীপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৭৭৯—৭৮৪ | ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৫১ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৬৫৭—১৬৯৮ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | ৫৯—৭৮ | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৭৭৫—১৮৫২ | (৬) . . . . . তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

### তথ্য মন্ত্রণালয়

### চলচ্চিত্র অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ০৪ কার্তিক ১৪২৪/১৯ অক্টোবর ২০১৭

**নং ১৫.০০.০০০০.০২৭.০৬.০০২.১৩.৫১৪**—বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট আইনের ৬(১) উপধারা মোতাবেক বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট পরিচালনার জন্য নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গভর্নিং বডি গঠন করা হলো :

চেয়ারম্যান

(১) সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

সদস্যবৃন্দ

(২) তথ্য মন্ত্রণালয়ের অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা।

(৩) জনপ্রশাসন মন্ত্রণালয়ের অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা।

(৪) অর্থ মন্ত্রণালয়ের অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা।

(৫) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা।

(৬) শিক্ষা মন্ত্রণালয়ের অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা।

(৭) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন।

(৮) মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন

(৯) মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট

(১০) মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১১) মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর

(১২) অধ্যাপক ড. এ. জে. এম. শফিউল আলম ভূইয়া, টেলিভিশন ও চলচ্চিত্র বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

(১৩) জনাব মতিন রহমান, শিক্ষক, স্টামফোর্ড বিশ্ববিদ্যালয়, ঢাকা।

(১৪) সৈয়দ হাসান ইমাম, অভিনেতা ও চলচ্চিত্র নির্মাতা ও প্রযোজক।

(১৫) জনাব রামেন্দু মজুমদার, চলচ্চিত্র ব্যক্তিত্ব

(১৬) জনাব মামুনুর রশীদ, নাট্যকার, অভিনেতা ও নির্দেশক

(১৭) জনাব মসিহ্‌উদ্দিন শাকের, চলচ্চিত্র পরিচালক

(১৮) জনাব নাসিরউদ্দিন ইউসুফ, সাংস্কৃতিক ব্যক্তিত্ব

(১৯) জনাব মোরশেদুল ইসলাম, চলচ্চিত্র ব্যক্তিত্ব

(২০) জনাব তানভির মোকাম্মেল, চলচ্চিত্র প্রযোজক ও পরিচালক

(২১) জনাব চিন্ময় মুৎসুদ্দি, বিশিষ্ট সাংবাদিক

**সদস্য-সচিব**

(২২) প্রধান নির্বাহী, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট।

২। এ গভর্নিং বডির মেয়াদ হবে ০৩ (তিন) বছর।

৩। এ বোর্ডের কার্যক্রম বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট আইন-২০১৩ অনুসারে পরিচালিত হবে।

৪। জনস্বার্থে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাহীন আরা বেগম** পিএএ
উপসচিব (চলচ্চিত্র অধিশাখা)।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**

**স্বাস্থ্য সেবা বিভাগ**

**জনস্বাস্থ্য-২**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৫ অক্টোবর ২০১৭ খ্রিঃ

**নং ৪৫.০০.০০০০.১৬১.০০৬.০১.১৩-২৭৪**—স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ১৪-০৬-২০১৭ তারিখের জনস্বাস্থ্য-২/আইইসি(১১)/কমিটি-৭/২০০৩/২০২নং প্রজ্ঞাপন এতদ্বারা আংশিক সংশোধনপূর্বক IEC (Information, Education and Communication) টেকনিক্যাল কমিটি নিম্নোক্তভাবে পুনর্গঠন করা হলো :

২। **কমিটির গঠন :**

**সভাপতি**

(১) অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য)

**সদস্যবৃন্দ**

(২) পরিচালক, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্চা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

(৩) প্রধান, স্বাস্থ্য শিক্ষা ব্যুরো, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

(৪) পরিচালক (আইইএম), পরিবার পরিকল্পনা অধিদপ্তর

(৫) পরিচালক (জনসংখ্যা কার্যক্রম), বাংলাদেশ টেলিভিশন।

(৬) পরিচালক (পপুলেশন সেল), বাংলাদেশ বেতার

(৭) সংশ্লিষ্ট লাইন ডিরেক্টর, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

(৮) গণযোগাযোগ অধিদপ্তরের প্রতিনিধি

(৯) ঢাকা বিশ্বাবিদ্যালয়ের ডিপার্টমেন্ট অফ মাস কমিউনিকেশন এন্ড জার্নালিজম এর প্রতিনিধি।

(১০) পরিচালক, বিসিসিপি

**সদস্য-সচিব**

(১১) যুগ্মসচিব/উপসচিব/সিনিয়ির সহকারী সচিব (জনস্বাস্থ্য-২)

৩। **কমিটির কার্যপরিধি ও কার্যপদ্ধতি :**

(১) গণমাধ্যমসমূহে বর্তমান স্বাস্থ্য, পুষ্টি ও নিরাপদ খাদ্যভিত্তিক প্রচারপত্র, বাণী ও তথ্যসমূহের পর্যালোচনা ও যুগোপযোগীকরণ;

(২) গণমাধ্যমসমূহে বর্তমান স্বাস্থ্য, পুষ্টি ও নিরাপদ খাদ্যভিত্তিক প্রচার কার্যের উন্নয়নের জন্য নীতি/ কৌশল নির্ধারণ ও বাস্তবায়ন পরিবীক্ষণ;

(৩) স্বাস্থ্য, পুষ্টি ও নিরাপদ খাদ্যভিত্তিক প্রচার কার্যসমূহ শহর কেন্দ্রিক না রেখে গ্রাম-গঞ্জে বিস্তারের জন্য পরিকল্পনা প্রনয়ন ও বাস্তবায়ন;

(৪) স্বাস্থ্য, বিধি মা ও শিশু স্বাস্থ্যসহ প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা, টিকা দান, বিশেষ বিশেষ রোগ প্রতিরোধ, পুষ্টি, নিরাপদ খাদ্য প্রভৃতি বিষয়ক বিভিন্ন IEC (Information, Education and Communication) সামগ্রীর গুণগতমান যাচাই-বাছাই, মূল্যায়ন ও অনুমোদন এবং ছাড়পত্র প্রদান;

(ক) সংশ্লিষ্ট লাইন ডিরেক্টরগণের দপ্তরের এ বিষয়ে একটি ০৩ (তিন) সদস্য বিশিষ্ট উপ-কমিটি গঠন করতে হবে। উপ-কিমিটি IEC সামগ্রীর উপর প্রাথমিক পর্যালোচনা করে তা IEC টেকনিক্যাল কমিটির কাছে প্রেরণ করবে;

(খ) IEC সামগ্রী পর্যালোচনাকালে কমিটি পূর্ব নির্ধারিত ক্রাইটেরিয়া অনুসরণ করবে;

(গ) কমিটির নির্দেশনায় অনুমোদিত আইইসি সামগ্রী অনলাইনে আপলোড করতে হবে; কমিটি এসব সামগ্রী প্রচারের বিষয়টিও পরিবীক্ষণ করবে এবং বছর শেষে কমিটি বিভিন্ন কার্যক্রমসহ প্রচার প্রচারনার প্রতিবেদন প্রকাশ করবে। সংশ্লিষ্ট লাইন ডিরেক্টরগণসহ স্বাস্থ্য শিক্ষা ব্যুরো এ বিষয়ে কমিটিকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে;

৪। প্রয়োজনে বিশেষজ্ঞ ব্যক্তিকে সদস্য হিসেবে কমিটির সভায় কো-অপ্ট করা/আমন্ত্রণ জানানো যাবে।

৫। যথোপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ রুহুল আমিন তালুকদার**
যুগ্মসচিব।

**Ministry of Finance, Finance Division**
**Budget Wing-1, Section-9**

**Notification**

Date : 18 October 2017

**No. 07.00.0030.109.14.003.17-346**—The Government of Bangladesh is pleased to re-constitute a Technical Advisory Committee (TAC) for Public Expenditure Review on Nutrition (PER-N) under the project 'Strengthening Capacity for Child Focused Budgeting in Bangladesh'. The composition and Terms and Reference (TOR) of the re-constituted committee will be as follows :

Composition (not according to seniority) :

**Chairman**

1. Additional Secretary, Budget-1 wing, Finance Division.

**Members**

2. Director General/Representative, Food Policy and Planning Unit (FPMU). Ministry of Food, Abdul Gani Road, Dhaka.
3. Director General/Representative, Health Economics Units, Ministry of Health and Family Welfare, Ansary Bhaban, Topkhana Road, Dhaka.
4. Joint Secretary/Deputy Secretary (Budget-1), Finance Division.
5. Project Director, SC-CFB Project, Finance Division.
6. Representative, Medical Education and Family Welfare Division.
7. Mr. Shakil Ahmed, Senior Economist Health, World Bank Office.
8. Ms. Anuradha Narayan, Chief of Nutrition, UNICEF, Bangladesh.
9. Mr. Carlos Acosta, Chief, Social Policy Evaluation Analytics and Research Section.
10. Mr. Naoki Minamiguchi Representative from FAO.

**Secretary**

11. Deputy Project Director, SC-CFB Project, Finance Division.

**Terms of References :**

1. Provide overall technical guidance on the process of public expenditure review (PER) on Nutrition;
2. Review, recommend and finalize concept notes, technical proposals, reports on PER on Nutrition;
3. Review and finalize the methodologies for data collection and analysis.

**Sheikh Farid**
Deputy Secretary
and
Deputy Project Director.
SC-CFB Project.

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৬**

**আদেশ**

তারিখ : ৩০ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ/১৫ অক্টোবর ২০১৭ খ্রিঃ

**নং আর-৬/৭এন-২৫/২০১৭-৪৮৫**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব গ্লোরিয়া ঝর্ণা সরকার, স্বামী-জনাব মিন্টু মোহন্ত-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লেখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯নং ফরমে প্রতি বৎসর জানুয়ারী মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নেটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহেল আহমেদ**
উপ-সচিব (প্রশাসন-২)।

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**মৎস্য-১ অধিশাখা**

**বিভাগীয় মামলা নং-০২/২০১৭ এর আদেশ**

তারিখ : ০৩ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ/১৮ অক্টোবর ২০১৭ খ্রিঃ

**নং ৩৩.০০.০০০০.১২৬.১০.০০২.১১-৫৭৬**—মধ্য এপ্রিল ২০১৭ মাসে অতিবর্ষণ ও পাহাড়ী ঢলে হাওড় অঞ্চলের বিভিন্ন জেলায় আকস্মিক পানি বৃদ্ধি ও পানি দূষণের ফলে বেশকিছু মাছ মারা যায় এবং ফসলের ক্ষয়ক্ষতি হয়। সুনামগঞ্জ ও নেত্রকোণা জেলার হাওড় এলাকায় তুলনামূলকভাবে বেশী মাছ মারা যায়। ক্ষতিগ্রস্ত হাওড় এলাকা পরিদর্শনপূর্বক প্রতিবেদন দেওয়ার জন্য মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রনালয়ের যুগ্মসচিব সৈয়দ মেহ্দী হাসান এর নেতৃত্বে মৎস্য অধিদপ্তরের কর্মকর্তার সমন্বয়ে ১৮-০৪-২০১৭ তারিখে কমিটি গঠন করা হয়। কমিটি ২৪-০৪-২০১৭ তারিখ নেত্রকোণা হাওড় এলাকা পরিদর্শন করেন। উক্ত সময়ে জনাব মোহাম্মদ আলেকউজ্জামান, উপপরিচালক (অঃ দাঃ), মৎস্য অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগের দায়িত্বে নিয়োজিত ছিলেন। ময়মনসংহ বিভাগের মৎস্য অধিপ্তরের গুরুত্বপূর্ণ দায়িত্বে থাকা সত্ত্বেও কমিটির প্রতিবেদন অনুযায়ী তিনি নেত্রকোণা জেলার ক্ষতিগ্রস্ত হাওড়সমূহ ২৫-০৪-২০১৭ তারিখ পর্যন্ত পরিদর্শন করেননি এবং উর্ধ্বতন কর্তৃপক্ষকে এ বিষয়ে কোন কিছু অবহিত করেননি। এ কারণে তাঁর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে বিভাগীয় মামলা নং-০২/২০১৭ রুজু করা হয়;

তার বর্তমান ঠিকানায় অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয় এবং ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিত জবাব প্রদানের জন্য নির্দেশ দেয়া হয়; এবং

জনাব মোহাম্মদ আলেকউজ্জামান গত ০৯-০৮-২০১৭ তারিখে তাঁর লিখিত জবাব দাখিল করেন ও ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করে্ন তাঁর আবেদনের প্রেক্ষিতে ০৫-১০-২০১৭ তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

ব্যক্তিগত শুনানি ও সার্বিক বিষয় পর্যালোচনাক্রমে জনাব মোহাম্মদ আলেকউজ্জামান, জেলা মৎস্য কর্মকর্তা, ময়মনসিংহ ও উপপরিচালক (অঃ দাঃ), মৎস্য অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ-কে তাঁর বিরুদ্ধে অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করে বিভাগীয় মামলাটি নিস্পত্তি করা হ'ল।

**মোঃ মাকসুদুল হাসান খাঁন**
সচিব।

---

## বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

### পর্যটন-১ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ২৮ সেপ্টেম্বর ২০১৭ খ্রিঃ

**নং ৩০.০১৫.০১৮.০০.০০.০২৫.২০০৩-৪৫২(৯)**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, পুনরাদেশ না দেয়া পর্যন্ত বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের প্রাক্তন চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল এহসানুল গণি চৌধুরী এর স্থলে বর্তমান চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল মোঃ নাইম হাসান, বিবিপি, ওএসসি, এএফডব্লিউসি, পিএসসি(বিডি/৭৩১৯), জিডি(পি) -কে বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড এর পরিচালনা পর্ষদের পরিচালক হিসেবে নিয়োগ প্রদান করা হলো।

২। এই আদেশ জনস্বার্থে জারি করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**অঞ্জনা খান মজলিশ**
উপসচিব।

---

### প্রশাসন-১ অধিশাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ১৯ সেপ্টেম্বর ২০১৭ খ্রিঃ

**নং ৩০.০১০.০১২.০০.০০.০০১.২০১২-৯৩১**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২-০৫-২০১৩ তারিখের ০৫.১২৩.০৩৫.০০.০০.০০৫. ২০০৮(অংশ-১)-১১০ নং প্রজ্ঞাপন এবং সর্বশেষ ০৫.১২৩.০৩৫.০০. ০০.০০৫.২২০৮(অংশ-১)-২৯৫, তারিখঃ ২৮-১০-২০১৩ নং মঞ্জুরীপত্র মোতাবেক বেমসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের হোটেল ও রেস্তোরাঁ সেলের হিসাবরক্ষক এর বর্তমান পদনাম, পদমর্যাদা নিম্নরূপে নির্দেশক্রমে পরিবর্তন করা হলো ঃ

| ক্রঃ নং | কর্মচারীর নাম ও পদবী | পরিবর্তিত পদ নাম | পরিবর্তিত পদমর্যাদা |
|---|---|---|---|
| (১) | জনাব এস এম আবুল বাশার হিসাবরক্ষক হোটেল ও রেস্তোরাঁ সেল। | সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা হোটেল ও রেস্তোরাঁ সেল। | দ্বিতীয় শ্রেণি |

২। এ আদেশাদানের ফলে তাঁর বর্তমমান বেতনস্কেল ও আহরিত মূল বেতন অপরিবর্তিত থাকবে।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

তারিখ : ২৪ জৈষ্ঠ্য ১৪২৪ বঃ/০৭ জুন ২০১৭ খ্রিঃ

**নং বিপম/প্রশাসন-২/ব্যক্তিগত-৪/৯৬-৫৬০**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ১৩-০৯-১৯৯৫ তারিখের সম/সওব্য/টিম-১(সংস্থাপন-সাংকাঃ)-২৪/৯৪-১৭০ প্রজ্ঞাপন ও জনপ্রশাসন মন্ত্রণালয় গত ০৮-০১-২০১৭ তারিখের সম/সওব্য-১/বিপম(হোঃরেঃপঃসৃঃ)-৫/৯৬-০৯ নং সম্মতিপত্র এবং অর্থ বিভাগের গত ২৭-০২-২০১৭ তারিখের ০৭.১৫৫.০১৫.৩০. ০০.০০২.৮৭/১১১ নং সম্মতিপত্রের আলোকে বাংলাদেশ সচিবালয়ের সহকারী সচিবের ফিডার পদে কর্মরত বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের নিম্নবর্ণিত কর্মচারীর বর্তমান পদের দায়িত্ব, সুবিধাদি/বেতনস্কেল, কর্মপরিধি ও পদমর্যাদা অপরিবর্তিত রাখিয়া নিম্নোক্তভাবে পরিবর্তন করা হইল ঃ

| ক্রঃ নং | কর্মচারীর নাম | বর্তমান পদবী | পরিবর্তিত পদবী |
|---|---|---|---|
| (১) | জনাব মোঃ ফিরোজ আলম | সাঁটলিপিকার | ব্যক্তিগত কর্মকর্তা Personal Officer (P.O) |

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোসাঃ ফেরদৌসী বেগম**
উপসচিব।

---

## স্বরাষ্ট্র মন্ত্রণালয়

### জননিরাপত্তা বিভাগ

### আইন-২ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ১৩ ভাদ্র ১৪২৪ বঃ/২৮ আগস্ট ২০১৭ খ্রিঃ

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭.৪৮৩**—ঢাকা জেলার খিলগাঁও থানার মামলা নং ০৬(০১)১৭ [ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধন ২০১৩)} এর ১০ ধারা] এ গত ০৫-০১-২০১৬ তারিখে খিলগাঁও থানাধীন বাসা নং-৪৬৮, পূর্ব গোড়ান এর ৬ তলা ভবনের ছাদে নিষিদ্ধ ঘোষিত জঙ্গী সংগঠন হিযবুত তাহরীর এর কতিপয় সদস্য নাশকতামূলক কর্মকাণ্ড পরিচালনার উদ্দ্যেশ্যে বৈঠক করছে এরূপ সংবাদের ভিত্তিতে আসামী ১। তোতা মিয়া ও ২। মোঃ মাহাবুবুর রহমান-কে গ্রেপ্তার করা হয়। জব্দকৃত আলামত-বিভিন্ন ধরনের জিহাদী বই ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা নিষিদ্ধ ঘোষিত জঙ্গী সংগঠন হিযবুত তাহরীর এর সদস্য। তারা সদস্য সংগ্রহ, জিহাদী বই বিতরণ এবং নাশকতামূলক কর্মকাণ্ডের ষড়যন্ত্রসহ বিভিন্ন রকমের অরপাধমূলক কর্মকাণ্ডের সাথে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তাহমিনা বেগম**
উপসচিব।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
চিকিৎসা শিক্ষা-২ শাখা

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২৩ অক্টোবর ২০১৭ খ্রিঃ

**নং স্বাপকম/চিশি-২/বেসমেক ও ডেকহা/২০০৮(অংশ-৫)/ ৪৮৬**—হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষার প্রসারের লক্ষ্যে প্রস্তাবিত ডাঃ দিলীপ রায় হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতালটিকে ০১ (এক) বছরের জন্য অস্থায়ীভাবে স্বীকৃতি প্রদানের বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক গঠিত কমিটির সুপারিশ বিবেচনায় নিম্নোক্ত শর্ত সাপেক্ষে বর্ণিত প্রতিষ্ঠানের অন্তর্বর্তীকালীন অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হলো :

**শর্তসমূহ :**

(ক) ডাঃ দিলীপ রায় হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতালটি আগামী ০৬(ছয়) মাসের মধ্যে বর্তমান নির্মাণাধীন ভবনের কাজ সমাপ্ত করে পরবর্তী ০১(এক) বছরের মধ্যে সেমি পাকা ভবনটিকে উপযুক্ত প্রকৌশলী কর্তৃক প্রদত্ত নকশা ও পরিকল্পনা অনুযায়ী ফাউন্ডেশন দিয়ে পূর্ণাঙ্গ ভবন (ন্যূনতম ৫,০০০ বর্গফুট ব্যবহারযোগ্য স্থানসহ) নির্মাণের উদ্যোগ গ্রহণ করতে হবে।

(খ) সরকার কর্তৃক জারীকৃত “দি বাংলাদেশ হোমিওপ্যাথিক প্র্যাকটিশনার্স অর্ডিন্যান্স-১৯৮৩” ও “বোর্ড রেগুলেশন-১৯৮৫” এর বিধি-বিধান অনুসরণপূর্বক কলেজ ও হাসপাতালটি পরিচালনা করতে হবে।

(গ) বর্তমানে কর্মরত ও তালিকাভুক্ত শিক্ষক, মেডিকেল অফিসার, কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ বোর্ড অনুমোদিত নিয়োগবিধি, বেতন-স্কেল ও পদসংখ্যা অনুসরণপূর্বক বোর্ড কর্তৃক যাচাই-বাছাই সাপেক্ষে অনুমোদন করতে হবে।

(ঘ) সময়ে সময়ে বোর্ড ও সরকার কর্তৃক গৃহীত সিদ্ধান্ত ও নির্দেশনাসমূহ বাস্তবায়ন ও অনুসরণ করতে হবে।

(ঙ) প্রতিষ্ঠানটি বোর্ড ও সরকার কর্তৃক স্বীকৃতি প্রাপ্তির ৩(তিন) বছরের মধ্যে সরকার/বোর্ড প্রদত্ত কোন প্রকার বেতন-ভাতাসহ অন্যান্য সুযোগ-সুবিধা প্রাপ্য হবে না।

(চ) প্রাথমিক স্বীকৃতির ৩(তিন) বছর অন্তর্বর্তীকালীন স্বীকৃতি হিসেবে বিবেচ্য হবে (অস্থায়ী স্বীকৃতির সময় ব্যতীত)। কলেজ ও হাসপাতাল প্রতিষ্ঠান নীতিমালা-২০০৪ যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে কিনা তা সরেজমিনে সময়ে সময়ে পরিদর্শন, বোর্ড বা সরকার কর্তৃক গঠিত কমিটির প্রতিবেদন সন্তোষজনক হওয়া সাপেক্ষে কলেজ ও হাসপাতালটির স্বীকৃতি স্থায়ী করা হবে।

**নং স্বাপকম/চিশি-২/বেসমেক ও ডেকহা/২০০৮(অংশ-৫)/ ৪৮৭**—হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষার প্রসারের লক্ষ্যে প্রস্তাবিত বীর মুক্তিযোদ্ধা আতিউর রহমান মডেল হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতালটিকে ০১(এক) বছরের জন্য অস্থায়ীভাবে স্বীকৃতি প্রদানের বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক গঠিত কমিটির সুপারিশ বিবেচনায় নিম্নোক্ত শর্ত সাপেক্ষে বর্ণিত প্রতিষ্ঠানের অন্তর্বর্তীকালীন অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হলো :

**শর্তসমূহ :**

(ক) বীর মুক্তিযোদ্ধা আতিউর রহমান মডেল হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতালটি আগামী ০৬ (ছয়) মাসের মধ্যে বর্তমান নির্মাণাধীন ভবনের কাজ সমাপ্ত করে পরবর্তী ০১ (এক) বছরের মধ্যে টিনসেড ঘর দুটিকে উপযুক্ত প্রকৌশলী কর্তৃক প্রদত্ত নকশা ও পরিকল্পনা অনুযায়ী ফাউন্ডেশন দিয়ে পূর্ণাঙ্গ ভবন (ন্যূনতম ৫,০০০ বর্গফুট ব্যবহারযোগ্য স্থানসহ) নির্মাণের উদ্যোগ গ্রহণ করতে হবে।

(খ) সরকার কর্তৃক জারীকৃত “দি বাংলাদেশ হোমিওপ্যাথিক প্র্যাকটিশনার্স অর্ডিন্যান্স-১৯৮৩” ও “বোর্ড রেগুলেশন-১৯৮৫” এর বিধি-বিধান অনুসরণপূর্বক কলেজ ও হাসপাতালটি পরিচালনা করতে হবে।

(গ) বর্তমানে কর্মরত ও তালিকাভুক্ত শিক্ষক, মেডিকেল অফিসার, কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ বোর্ড অনুমোদিত নিয়োগবিধি, বেতন-স্কেল ও পদসংখ্যা অনুসরণপূর্বক বোর্ড কর্তৃক যাচাই-বাছাই সাপেক্ষে অনুমোদন করতে হবে।

(ঘ) সময়ে সময়ে বোর্ড ও সরকার কর্তৃক গৃহীত সিদ্ধান্ত ও নির্দেশনাসমূহ বাস্তবায়ন ও অনুসরণ করতে হবে।

(ঙ) প্রতিষ্ঠানটি বোর্ড ও সরকার কর্তৃক স্বীকৃতি প্রাপ্তির ৩(তিন) বছরের মধ্যে সরকার/বোর্ড প্রদত্ত কোন প্রকার বেতন-ভাতাসহ অন্যান্য সুযোগ-সুবিধা প্রাপ্য হবে না।

(চ) প্রাথমিক স্বীকৃতির ৩(তিন) বছর অন্তর্বর্তীকালীন স্বীকৃতি হিসেবে বিবেচ্য হবে (অস্থায়ী স্বীকৃতির সময় ব্যতীত)। কলেজ ও হাসপাতাল প্রতিষ্ঠান নীতিমালা-২০০৪ যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে কিনা তা সরেজমিনে সময়ে সময়ে পরিদর্শন, বোর্ড বা সরকার কর্তৃক গঠিত কমিটির প্রতিবেদন সন্তোষজনক হওয়া সাপেক্ষে কলেজ ও হাসপাতালটির স্বীকৃতি স্থায়ী করা হবে।

**নং স্বাপকম/চিশি-২/বেসমেক ও ডেকহা/২০০৮(অংশ-৫)/ ৪৮৮**—হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষার প্রসারের লক্ষ্যে প্রস্তাবিত কলারোয়া হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতালটিকে ০১ (এক) বছরের জন্য অস্থায়ীভাবে স্বীকৃতি প্রদানের বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক গঠিত কমিটির সুপারিশ বিবেচনায় নিম্নোক্ত শর্ত সাপেক্ষে বর্ণিত প্রতিষ্ঠানের অন্তর্বর্তীকালীন অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হলো :

**শর্তসমূহ :**

(ক) কলারোয়া হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতালটি আগামী ০৬(ছয়) মাসের মধ্যে কার্যক্রমের ভবনের দ্বিতীয় তলায় নির্মাণাধীন কাজ সমাপ্ত করে পরবর্তী ০১ (এক) বছরের মধ্যে আউটডোর হাসপাতাল টিনসেড ঘরটিকে উপযুক্ত প্রকৌশলী কর্তৃক প্রদত্ত নকশা ও পরিকল্পনা অনুযায়ী ফাউন্ডেশন দিয়ে পূর্ণাঙ্গ ভবন নির্মাণ করতে হবে।

(খ) সরকার কর্তৃক জারীকৃত "দি বাংলাদেশ হোমিওপ্যাথিক প্র্যাকটিশনার্স অর্ডিন্যান্স-১৯৮৩" ও "বোর্ড রেগুলেশন-১৯৮৫" এর বিধি-বিধান অনুসরণপূর্বক কলেজ ও হাসপাতালটি পরিচালনা করতে হবে।

(গ) বর্তমানে কর্মরত ও তালিকাভুক্ত শিক্ষক, মেডিকেল অফিসার, কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ বোর্ড অনুমোদিত নিয়োগবিধি, বেতন-স্কেল ও পদসংখ্যা অনুসরণপূর্বক বোর্ড কর্তৃক যাচাই-বাছাই সাপেক্ষে অনুমোদন করতে হবে।

(ঘ) সময়ে সময়ে বোর্ড ও সরকার কর্তৃক গৃহীত সিদ্ধান্ত ও নির্দেশনাসমূহ বাস্তবায়ন ও অনুসরণ করতে হবে।

(ঙ) প্রতিষ্ঠানটি বোর্ড ও সরকার কর্তৃক স্বীকৃতি প্রাপ্তির ৩(তিন) বছরের মধ্যে সরকার/বোর্ড প্রদত্ত কোন প্রকার বেতন-ভাতাসহ অন্যান্য সুযোগ-সুবিধা প্রাপ্য হবে না।

(চ) প্রাথমিক স্বীকৃতির ৩(তিন) বছর অন্তর্বর্তীকালীন স্বীকৃতি হিসেবে বিবেচ্য হবে (অস্থায়ী স্বীকৃতির সময় ব্যতীত)। কলেজ ও হাসপাতাল প্রতিষ্ঠান নীতিমালা-২০০৪ যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে কিনা তা সরেজমিনে সময়ে সময়ে পরিদর্শন, বোর্ড বা সরকার কর্তৃক গঠিত কমিটির প্রতিবেদন সন্তোষজনক হওয়া সাপেক্ষে কলেজ ও হাসপাতালটির স্বীকৃতি স্থায়ী করা হবে।

**নং স্বাপকম/চিশি-২/বেসমেক ও ডেকহা/২০০৮(অংশ-৫)/ ৪৮৯**—হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষার প্রসারের লক্ষ্যে প্রস্তাবিত চাঁদপুর হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতালটিকে ০১(এক) বছরের জন্য অস্থায়ীভাবে স্বীকৃতি প্রদানের বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক গঠিত কমিটির সুপারিশ বিবেচনায় নিম্নোক্ত শর্ত সাপেক্ষে বর্ণিত প্রতিষ্ঠানের অন্তর্বর্তীকালীন অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হলো :

**শর্তসমূহ :**

(ক) চাঁদপুর হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতালটি আগামী ০৬(ছয়) মাসের মধ্যে দুই দাগের দুই দলিলের রেজিস্ট্রিকৃত জমিকে একত্রিত করে পরবর্তী ০১(এক) বছরের মধ্যে কলেজের নিজস্ব জমিতে উপযুক্ত প্রকৌশলী কর্তৃক প্রদত্ত নকশা ও পরিকল্পনা অনুযায়ী ফাউন্ডেশন দিয়ে পূর্ণাঙ্গ ভবন (ন্যূনতম ৫,০০০ বর্গফুট ব্যবহারযোগ্য স্থানসহ) নির্মাণের উদ্যোগ গ্রহণ করতে হবে।

(খ) সরকার কর্তৃক জারিকৃত "দি বাংলাদেশ হোমিওপ্যাথিক প্র্যাকটিশনার্স অর্ডিন্যান্স-১৯৮৩" ও "বোর্ড রেগুলেশন-১৯৮৫" এর বিধি-বিধান অনুসরণপূর্বক কলেজ ও হাসপাতালটি পরিচালনা করতে হবে।

(গ) বর্তমানে কর্মরত ও তালিকাভুক্ত শিক্ষক, মেডিকেল অফিসার, কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ বোর্ড অনুমোদিত নিয়োগবিধি, বেতন-স্কেল ও পদসংখ্যা অনুসরণপূর্বক বোর্ড কর্তৃক যাচাই-বাছাই সাপেক্ষে অনুমোদন করতে হবে।

(ঘ) সময়ে সময়ে বোর্ড ও সরকার কর্তৃক গৃহীত সিদ্ধান্ত ও নির্দেশনাসমূহ বাস্তবায়ন ও অনুসরণ করতে হবে।

(ঙ) প্রতিষ্ঠানটি বোর্ড ও সরকার কর্তৃক স্বীকৃতি প্রাপ্তির ৩(তিন) বছরের মধ্যে সরকার/বোর্ড প্রদত্ত কোন প্রকার বেতন-ভাতাসহ অন্যান্য সুযোগ-সুবিধা প্রাপ্য হবে না।

(চ) প্রাথমিক স্বীকৃতির ৩(তিন) বছর অন্তর্বর্তীকালীন স্বীকৃতি হিসেবে বিবেচ্য হবে (অস্থায়ী স্বীকৃতির সময় ব্যতীত)। কলেজ ও হাসপাতাল প্রতিষ্ঠান নীতিমালা-২০০৪ যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে কিনা তা সরেজমিনে সময়ে সময়ে পরিদর্শন, বোর্ড বা সরকার কর্তৃক গঠিত কমিটির প্রতিবেদন সন্তোষজনক হওয়া সাপেক্ষে কলেজ ও হাসপাতালটির স্বীকৃতি স্থায়ী করা হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বদরুন নাহার**
উপসচিব।